দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 MAY 2003
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১



মতিঝিল কলোনীতে মির্জা আব্বাস স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ছেলে-মেয়েরা এইচএসসি পরীক্ষা দিচ্ছে
—রশীদ তালুকদার

# বদলে গেছে দৃশ্যপট ॥ নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা

**ইত্তেফাক রিপোর্ট ॥** সুখবর। বদলে গেছে দৃশ্যপট। বোর্ডের পরীক্ষায় নকল প্রবণতা অনেকটা দূর হয়েছে। গতকাল বৃহস্পতিবার দেশের অধিকাংশ এলাকায় এইচএসসি, ইংরেজী প্রথম পত্রের পরীক্ষা মোটামুটি নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হয়। বিচ্ছিন্ন কয়েকটি ঘটনা ছাড়া অধিকাংশ পরীক্ষা কেন্দ্রের পরিবেশ ছিল শান্ত, সুন্দর। কেন্দ্রের বাইরে অহেতুক জটলা, ভীড় ছিল না বললেই চলে। নকল সরবরাহকারীদের দৌরাত্ম্যও ছিল না আগের মত। পরীক্ষা শুরুর আগে অধিকাংশ কেন্দ্রের মূল গেটে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করা হয়। (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বদলে গেছে দৃশ্যপট

(প্রথম পৃঃ পর)

গতকাল বিভিন্ন বোর্ডে উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত ছিল। রাজশাহী শিক্ষা বোর্ডে পরীক্ষার্থী অনুপস্থিতির সংখ্যা দাঁড়িয়েছে ৩ হাজার ৪২৬। বোর্ডের একজন কর্মকর্তা বলেন, পরীক্ষায় নকলের সুযোগ পাওয়া যাবে না এই ভয়ে অনেকেই গতকাল পরীক্ষার হলে আসেনি।

ঢাকা নগরীর বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। প্রচণ্ড দাবদাহের কারণে ঢাকাসহ দেশের প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীরা ঘর্মাক্ত শরীরে অসহনীয় পরিবেশে পরীক্ষা দেয়। অনেক স্থানে পরীক্ষা চলাকালে লোডশেডিং ছিল। এজন্য পরীক্ষার্থীরা অবর্ণনীয় দুর্দশায় পড়ে। নগরীতে গরমের হাত থেকে রেহাই পেতে এবং লোডশেডিং ঠেকাতে অনেক পরীক্ষার্থী হাতপাখা, চার্জার ও মোমবাতি নিয়ে পরীক্ষা কেন্দ্রে হাজির হয়। পরীক্ষা চলাকালে নগরীর বিভিন্ন রাস্তা ও কলেজের সামনে অসহনীয় যানজট ছিল বিশেষভাবে উল্লেখ করার মত।

গতকাল পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে ৭টি শিক্ষা বোর্ডে সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। জামালপুরের দেওয়ানগঞ্জে একেএম কলেজের প্রায় অর্ধশত পরীক্ষার্থী অর্থের বিনিময়ে ডাক্তারী সার্টিফিকেট নিয়ে রোগীর বিছানায় পরীক্ষা দেয়ার চেষ্টা করে ব্যর্থ হয়েছে। তাদেরকে কেন্দ্রের বারান্দায় টুলে বসে পরীক্ষা দিতে হয়েছে। নেত্রকোনার কেন্দুয়ায় সাবেকুন্নেসা বালিকা বিদ্যালয় কেন্দ্রে নকল সরবরাহের চেষ্টাকালে একজন যুবককে গ্রেফতার করা হয়েছে। লালমনিরহাট সরকারী কলেজ কেন্দ্রে প্রশ্নপত্র সংকট দেখা দেয়ায় ৪০ মিনিট পর পরীক্ষা শুরু হয়। গাজীপুর ক্যান্ট বোর্ড কলেজ কেন্দ্রে 'ক' সেটের বদলে 'খ' সেটে পরীক্ষা গ্রহণের প্রতিবাদে পরীক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করে। ময়মনসিংহ মহাকালী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনায় মারমুখী পরিবেশের সৃষ্টি হয়। একদল পরীক্ষার্থী বহিরাগতদের নিয়ে ময়মনসিংহ কলেজের অধ্যক্ষের অফিস ঘেরাও ও ভাংচুর করলে পুলিশ ৩ জনকে গ্রেফতার করে।

ইত্তেফাকের সংবাদদাতাগণ জানান, নবীগঞ্জ (হবিগঞ্জ), ধুনট (বগুড়া), দাউদকান্দি (কুমিল্লা), সৈয়দপুর, পীরগঞ্জ (ঠাকুরগাঁও), ঘাটাইল (টাঙ্গাইল), পরশুরাম (ফেনী), হাতিয়া (নোয়াখালী), চাঁপাইনবাবগঞ্জ, কলাপাড়া (পটুয়াখালী), দিঘলিয়া (খুলনা), মির্জাপুর (টাঙ্গাইল), কসবা (ব্রাহ্মণবাড়িয়া), সৈয়দপুর (নীলফামারী), পীরগঞ্জ (রংপুর), গোয়ালন্দ (রাজবাড়ী), শ্রীপুর (গাজীপুর), মেলান্দহ (জামালপুর), গৌরীপুর (ময়মনসিংহ), মনিরামপুর (যশোর), মীর্জাগঞ্জ (পটুয়াখালী), সরিষাবাড়ী (জামালপুর), নান্দাইল (ময়মনসিংহ), চাঁদপুর, ফরিদপুর, ভাণ্ডারিয়া (পিরোজপুর), লালপুর (নাটোর), কাপাসিয়াতে (গাজীপুর) নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

**বরিশাল অফিস ॥** গতকাল বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার প্রথম দিনে বরিশাল শিক্ষা বোর্ডে ৭৫ জনকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে। দুমকি হাইস্কুল কেন্দ্রে খাতা আটকে রাখার কারণে এক শিক্ষককে পথে আটকে পরীক্ষার্থীরা মারধর করে বলে অভিযোগ পাওয়া গেছে। বহিষ্কৃতদের মধ্যে রয়েছে বরিশালে ১৮, পটুয়াখালীতে ৯, বরগুনায় ১, ভোলায় ২৭, ঝালকাঠীতে ১৬ ও পিরোজপুরে ৪ জন। বরিশালে বহিষ্কার করা হয় সৈয়দ হাতেম আলী কলেজ থেকে ২ জন, ইসলামিয়া কলেজে ২, বাবুগঞ্জে ২, উজিরপুরে ২, গৌরনদীতে ৪, মুলাদীতে ৫ ও মেহেন্দীগঞ্জে ১ জন। বাকশিস সম্পাদক মহসিন উল ইসলাম হাবুল জানান, দুমকি হাইস্কুল কেন্দ্রে দেখে লেখার সময় এক পরীক্ষার্থীর খাতা ভিজিলেন্স টিমের সদস্য আরিফ মাহামুদ কলেজের শিক্ষক নজরুল ইসলাম ১০ মিনিট আটকে রাখে। পরীক্ষা শেষে ঐ পরীক্ষার্থী ঐ শিক্ষককে বাকেরগঞ্জে বাসের মধ্যে আটকে মারধর ও গালাগাল করে। তারা তাকে জোর করে নামিয়ে রাখার চেষ্টা করলে বাসযাত্রীরা তাকে রক্ষা করেন। বাকশিস সম্পাদক বোর্ড কর্তৃপক্ষের নিকট-এর প্রতিকার চেয়ে বলেছেন, পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া না হলে তারা ভিজিলেন্স টিমে অংশ নেবেন না। উজিরপুর থেকে সংবাদদাতা জানান, এখানে হারবপুর, ধামুরা, শিকারপুর ও উজিরপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হলেও উজিরপুর মাদ্রাসা কেন্দ্রে নকলের মহোৎসব পরিলক্ষিত হয়েছে। পরীক্ষার শেষ ঘন্টায় অতিরিক্ত জেলা প্রশাসক ঐ কেন্দ্রে গিয়ে অসদুপায় অবলম্বনের দায়ে ১৬ জনকে বহিষ্কার করেন। ঐ কেন্দ্রের কয়েকটি কক্ষে শিক্ষকদের নকলে সহায়তা করতে দেখা গেছে। হারবপুর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে জামায়াতের উপজেলা (পশ্চিম) আমির এম এ মন্নান তার পরীক্ষার্থী ভাতিজিকে গেটে তল্লাশী না করে কেন্দ্রে প্রবেশ করানোর চেষ্টাকালে শিক্ষকদের সাথে বাকবিতণ্ডা হয়। এ সময় এক পুলিশ কর্মকর্তা ঐ জামায়াত নেতাকে কেন্দ্রে প্রবেশে বাধা দিলে তিনি কেন্দ্র বন্ধ করে দেয়ার হুমকি দেন। মুলাদীর সংবাদদাতা জানান, মুলাদীতে শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, মাদ্রাসা কেন্দ্রে ৪ জনসহ মোট ৯ জন বহিষ্কার হয়েছে।

**রাজশাহী অফিস ॥** গতকাল বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার প্রথম দিনে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৬টি জেলায় ৩৫৯ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের জন্য হল থেকে বহিষ্কৃত হয়েছে। ৪২টি নকলপ্রবণ কেন্দ্রসহ ২৫৭টি কেন্দ্রের কোন কেন্দ্র থেকে কোন শিক্ষক বহিষ্কৃত হয়নি। বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা নবাবগঞ্জ নাই, নওগাঁ ১৫, নাটোর ৭, পাবনা ৭, সিরাজগঞ্জ ১৮, জয়পুরহাট ৭, কুড়িগ্রাম ৫১, গাইবান্ধা ৫২, নীলফামারী ১৩, লালমনিরহাট ২৭, দিনাজপুর ৩৫, ঠাকুরগাঁও ৩৩, পঞ্চগড় ৮, রাজশাহী ৯, বগুড়া ৩০ ও রংপুর ৪৭।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি আজ এইচএসসি, আলিম, ফাজিল, কামিল, এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা-২০০৩ এর প্রথম দিনে ঢাকা মহানগরীতে বদরুন্নেসা কলেজ, আলিয়া মাদ্রাসা, তেজগাঁও কলেজ কেন্দ্রসহ কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীদের যাতে কোন বিঘ্নতা না ঘটে, এজন্য মন্ত্রী পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে পরীক্ষার কক্ষের অভ্যন্তরে প্রবেশ না করে কক্ষের বাইরে থেকেই পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ থেকে কেন্দ্রের খোঁজ-খবর নেন। মন্ত্রী পরীক্ষা কেন্দ্রের বাইরে অপেক্ষমাণ পরীক্ষার্থীদের অভিভাবকদের সাথে কথা বলেন এবং পরীক্ষার্থীদের শুভ কামনা করেন। মন্ত্রী সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্র পরিচালনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রচলিত পরীক্ষা আইন, বিধি ও নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের নির্দেশ দেন।